রমযান মাসের সিয়ামের পর সর্বোত্তম সিয়াম হচ্ছে আল্লাহর মাস মুহার্রামের সিয়াম। আর ফরয সালাতের পর সর্বোত্তম সালাত হচ্ছে রাতের (তাহাজ্জুুদের) সালাত।”

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “রমযান মাসের সিয়ামের পর সর্বোত্তম সিয়াম হচ্ছে
আল্লাহর মাস মুহার্রামের সিয়াম। আর ফরয সালাতের পর সর্বোত্তম সালাত হচ্ছে রাতের (তাহাজ্জুুদের) সালাত।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

হিজরী সালের মাসসমূহের প্রথম মাস মুহাররাম। রমাযান মাসের সাওমের পর সর্ব উত্তম সাওম হলো এ মাসের সাওম। কারণ, এটি বছরের শুরু মাস। তাই বছরকে সাওম যা কেবলই রশ্মি দ্বারা শুরু করা হবে উত্তম আমল। সব মুসলিমের জন্য উচিত হলো তার প্রতি আগ্রোহী হওয়া এবং কোন রকম ওজর ছাড়া তা না ছাড়া। আর তার বাণী: “আল্লাহর মাস” কথাটি অন্যান্য মাসের ওপর এ মাসের সম্মান ও বিশেষ বৈশিষ্ট্যকে প্রমাণ করে। আর রাতের সালাত ফরয সালাত সমূহের পর উত্তম সালাত। কারণ, অন্তরের একাগ্রতা ও রবের সাথে একাকী হওয়ার কারণেএ সময় খুশূ অধিক হয়ে থাকে। আল্লাহ তা‘আলা বলেন, “এ ছাড়াও রাত হলো আরাম আয়েশ করা সময়। এ সময়টিকে যখন ইবাদাতে নিয়োজিত করা হয়, তখন তা তার আত্মার ওপর কঠিন ও কষ্টকর হয় এবং দেহের জন্য কষ্টদায়ক এবং পরিশ্রম হয়,ফলে তা ইবাদাতের অর্থে গ্রহণযোগ্য এবং আল্লাহর নিকট সর্ব উত্তম।

http://sunnah.global/hadeeth/bn/show/11261